দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... MAR 1989
পৃষ্ঠা ... 5 কলাম 3

04

# শিক্ষাঙ্গনে

## উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা

কৃষির উন্নতি নির্ভর করে আধুনিক কৃষি প্রযুক্তির উপর। আর কৃষি প্রযুক্তি শিক্ষার জন্যই দরকার কৃষি শিক্ষার। তাছাড়াও কৃষি যেহেতু একটা প্রয়োগিক বিজ্ঞান এবং কৃষিই এদেশটির সংখ্যাগরিষ্ঠের পেশা— তার পরও আমাদের দেশে কৃষি শিক্ষা বলতে উচ্চ শিক্ষায় নিয়োজিত মুষ্টিমেয় কিছুসংখ্যক ছাত্র-ছাত্রীকে ধরা হয়ে থাকে। অথচ কৃষির উন্নতি এবং কৃষি শিক্ষার জন্য তা মোটেই পর্যাপ্ত নয়। তাই কৃষিকে মাধ্যমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তরে সম্প্রসারণ করা প্রয়োজন। বাংলাদেশ শিক্ষা কমিশন (ডঃ কুদরতই খুদা)-এর রিপোর্টেও বলা হয়েছিল, "নবম-দশম থেকে একাদশ শ্রেণী পর্যন্ত কৃষি শিক্ষার ব্যবস্থা করতে হবে— তার মধ্য থেকে পরবর্তীতে মেধাবীরা উচ্চতর কৃষি শিক্ষায় যেতে পারবে, বাকীদের মধ্য থেকে এক বছরের বিশেষ ট্রেনিং দিয়ে ডিপ্লোমা দেয়া যেতে পারে।"

তাছাড়া আমাদের দেশে প্রতি বছর বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পাস করার পর তাদের বেশীর ভাগই উচ্চ শিক্ষা লাভ করার সুযোগ ও সামর্থ কোনটাই পায় না। ফলে তাদেরকে কর্মজীবনে ফিরে আসতে হয় বেকারত্বের গ্লানি নিয়ে অথচ এ ক্ষেত্রে তারা যদি কৃষি প্রযুক্তি সম্বন্ধে জ্ঞান লাভ করতে পারতো তবে তারা অন্ততঃ দরিদ্র পিতামাতাকে কৃষি কাজে সাহায্য করতে পারতো এবং নিজে কৃষি কাজে নিয়োজিত হতে আগ্রহী হত, যা দেশের ক্রমবর্ধমান মানুরে খাদ্য চাহিদা মিটাতে সহায়তা করতো এবং দরিদ্র কৃষক পিতামাতারাও এতে করে লাভবান হতেন।

অথচ আমাদের দেশে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষার প্রতি অবজ্ঞা প্রদর্শন করা হচ্ছে। কৃষি প্রধান এদেশে\আজো কোন একটি প্রধান সরকারী মহাবিদ্যালয়ে ঐচ্ছিক বিষয় হিসেবে উচ্চ. মাধ্যমিক শ্রেণীতে কৃষি বিজ্ঞান চালু করা হয়নি। তেমনি আলাদা কোন কৃষি বিভাগও চালু করা হয়নি। এমনকি জাতীয়করণের পরও কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে কৃষি বিভাগকে অবলুপ্ত করা হয়েছে। তাই অন্ততঃ প্রতিটি জেলায় একটি করে সরকারী কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি বিজ্ঞান বিভাগ চালু করলে দেশে কৃষি শিক্ষা প্রসারিত হবে। এতে গ্রামের প্রত্যন্ত অঞ্চলে উন্নত কৃষি প্রযুক্তির দ্রুত প্রসারই শুধু হবে না, বরং বেকারত্বও হ্রাস পাবে। তাই সবার জন্য কৃষি শিক্ষা প্রসারের লক্ষ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষার ব্যাপক বিস্তার অপরিহার্য; যার বাস্তবায়ন অতি দ্রুত প্রয়োজন, আমাদের অস্তিত্বের স্বার্থেই।

—মুহাম্মদ র. ই. শামীম